

# ঢাবি সিন্ডিকেট ভেঙে দেওয়ার দাবিতে বিক্ষোভ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

প্রকাশিত: ০০:০৪, ১৪ নভেম্বর ২০২৪



মিটিং চলাকালীন বিক্ষোভ করেন শিক্ষার্থীরা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) সর্বোচ্চ নীতিনির্ধারণী ফোরামে (সিন্ডিকেট) আওয়ামী সমর্থী নীল দলের শিক্ষকরা থাকায় এই সিন্ডিকেট ভেঙে দেওয়ার দাবিতে বিক্ষোভ করেছে বিশ্ববিদ্যালয়ের একদল শিক্ষার্থী। বুধবার রাত ৯ টার দিকে সিনেট ভবনের সামনে সিন্ডিকেট মিটিং চলাকালীন শিক্ষার্থীরা এ বিক্ষোভ করেন। এসময় শিক্ষার্থীদের নানা স্লোগান দিতে দেখা যায়।

বিক্ষোভ কর্মসূচিতে অংশ নেওয়া মো. সাইফ উল্লাহ সাইফ বলেন, আওয়ামী লীগ সমর্থী শিক্ষকদের সংগঠন নীল দলের সাবেক আহ্বায়ক অধ্যাপক নিজামুল হক ভূঁইয়াসহ বেসংগঠনিক একজন এখনো সিন্ডিকেট সদস্য হিসেবে বিশ্ববিদ্যালয়ের নীতিনির্ধারণীর ভূমিকায় আছে যে সিন্ডিকেট ছাত্রদের নিরাপত্তা দিতে ব্যর্থ, হল বন্ধের সিদ্ধান্ত নিয়ে ফ্যাসিবাদী হাসিনা সহায়কের ভূমিকায় ছিল, সেই সিন্ডিকেট অবৈধ।

এসময় শিক্ষার্থীদের পক্ষ থেকে আরও উপস্থিত ছিলেন নুজিয়া হাসান রাশা, মো. মোজাম্মে হক, শেখ তানভীর বারী হামিম, ইশরাত জাহান ইমু, আবিদুর রহমান মিশু, মনোয়ার হোসে পান্থ, ফেরদৌস সিদ্দিক সাইমুন প্রমুখ।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়েমা হক বিদিশা বলেন সিন্ডিকেটের সভা চলাকালীন সময়ে বাহিরে শিক্ষার্থীরা বিক্ষোভ করেছে। তবে সিন্ডিকেটে সভায় এর কোনো প্রভাব পড়েনি। আমরা সিন্ডিকেট সভা শেষ করতে পেরেছি। সিন্ডিকেটে পদাধিকারবলে নতুন ৯ জন সদস্য এসেছে। এর বাহিরে যে শিক্ষকদের নিয়ে শিক্ষার্থীদে আপত্তি আছে তারা তো নির্বাচিত শিক্ষক প্রতিনিধি। তাদের বাদ দেওয়ার ক্ষেত্রে কোন আইন জটিলতা আছে কী না সে বিষয়ে আমরা আলোচনা করে সিদ্ধান্ত নেব।

---

শিহাব উদ্দিন